

করোনা ভাইরাস | কোভিড-১৯

আদেশ নম্বর - ৫৭৯৩-এ/২০২০, ২৬/০৫

অভিবাসন কেন্দ্রে অপেক্ষমান আবেদনগুলো এবং রেসিডেন্স কার্ড নবায়নের জন্য একটি সরল প্রক্রিয়া অবলম্বন করা। অভিবাসন কেন্দ্রে অপেক্ষমান আবেদনগুলো দ্রুত নিষ্পত্তিকরণের উদ্দেশ্যে কার্যকর এই ব্যতিক্রমী এবং অস্থায়ী উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এই প্রক্রিয়াটি আপাতত এক বছর ধরে চলমান থাকবে, মূলত অভিবাসন কেন্দ্রের কাজের গতিশীলতা বাঢ়াতেই এই উদ্যোগ।

- যদি আপনার রেসিডেন্স কার্ডের নবায়নের প্রয়োজন হয় বা ইতিমধ্যেই আপনার রেসিডেন্স কার্ড নবায়নের জন্য অভিবাসন কেন্দ্রে অপেক্ষমান থাকে আপনি এখন থেকে সরাসরি অভিবাসন কেন্দ্রের ডেক্সে না উপস্থিত না হয়ে অনলাইনে অভিবাসন কেন্দ্রের (SEF) পোর্টালের মাধ্যমে আপনার রেসিডেন্স নবায়ন করার জন্য আবেদন জমা দিতে পারবেন। আবেদনের পর সবকিছু ঠিক থাকলে নির্ধারিত ফি প্রদান করার পর দ্রুতম সময়ে আপনার উল্লেখিত ঠিকানায় আপনার রেসিডেন্স কার্ড পৌঁছে যাবে। অপ্রাপ্তবয়স্কদের ক্ষেত্রে যদি ফি প্রদানের বাধ্যবাধকতা না থাকে তাহলে তাদের ক্ষেত্রে ফি দেয়া থেকে অব্যাহতি প্রদান করা হবে।
- আপনি যদি রেসিডেন্স পারমিটের নবায়নের জন্য আবেদন করে থাকেন তিসি প্রদর্শনের প্রয়োজন নেই। আইন নম্বর ২৩/২০০৭ (৪/০৭) এর ধারা ৮৮.২ অনুসারে (পেশাদার হিসেবে পর্তুগালে বসবাসের জন্য রেসিডেন্স কার্ডের আবেদন করে থাকেন) কিংবা একই আইনের ধারা ৮৯.২ অনুসারে (স্বাধীন কর্মী বা ইন্ডিপেন্ডেন্ট ওয়ার্কার কিংবা অভিবাসী উদ্যোক্তা হিসেবে পর্তুগালে বসবাসের জন্য রেসিডেন্স কার্ডের আবেদন করে থাকেন) পর্তুগালের অভিবাসন কেন্দ্র (SEF) সেই আবেদন গ্রহণ করবে। আবেদনের সময় যে সকল প্রয়োজনীয় কাগজ পত্রাদি সরবরাহ করবেন সেগুলো অভিবাসন কেন্দ্র দ্বারা পরীক্ষার পরে গৃহীত হবে যদি আপনি রেসিডেন্স কার্ডের মেয়াদ থাকা অবস্থায় সেই আবেদনটি করে থাকেন।
- অভিবাসন কেন্দ্রে যদি আপনার অন্য কোনো আবেদন অপেক্ষমান থাকে, যেমন : বিনিয়োগ কার্যক্রম, এক্সেব্রেও আপনার আবেদন প্রক্রিয়াটি সহজতর করা হবে। আবেদন প্রক্রিয়ায় কিছু নির্দেশনা পরিবর্তন ও সবধরণের প্রয়োজনীয় কাগজপত্র প্রদর্শন করতে হবে।
- পর্তুগালে অবস্থানরত কোনো অভিবাসীর পর্তুগিজ অভিবাসন কেন্দ্রে রাজনৈতিক আশ্রয় বা অ্যাসাইলামের কোনো আবেদন অপেক্ষমান থাকে যদি সেই আবেদন চলতি বছরের মার্চ মাসের ১৮ তারিখের আগে করা হয়ে থাকে, তাহলে পর্তুগালে নতুন আদেশ নম্বর - **Despacho n.º 3863-B/2020 / ৩৮৬৩-বি/২০২০ (২৭/০৩)** অনুযায়ী বর্তমান জরুরি স্বাস্থ্য অবস্থার বিবেচনায় আবেদনকারী সকল ধরণের সরকারি সেবা পাবেন। চাকরি, চিকিৎসা, সামাজিক সুরক্ষার জন্য আবেদন, গৃহের আবেদনসহ সরকারি সেবাগুলো পেয়ে থাকবেন।

আরও বিস্তারিত তথ্যের জন্য, আমাদের সাথে ই-মেইল ও সরাসরি মোবাইল সংযোগের মাধ্যমে যোগাযোগ করতে পারেন নিম্নোক্ত ঠিকানাগুলোতে :-

- ACM, I.P. - www.acm.gov.pt | informacoes@acm.gov.pt
- LAM (অভিবাসীদের জন্য বিশেষ সহায়তা লাইন) - ৮০৮ ২৫৭ ২৫৭ (স্থায়ী ফোন নম্বর) অথবা ২১ ৮১০ ৬১ ৯১ (মোবাইল) সপ্তাহের সরকারী সাধারণ কার্যদিবসে, সকাল ৯টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত।
- CNAIM de Lisboa – cnaim.lisboa@acm.gov.pt
- CNAIM do Norte (পোর্তো) – cnaim.norte@acm.gov.pt
- CNAIM do Algarve (ফারো) – cnaim.algarve@acm.gov.pt